



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
রাজশাহী সরকারি মহিলা কলেজ, রাজশাহী
EIIN No-126487



টেলিফোন : ০৭২১-৭৭২০২৮, ফ্যাক্স : ০৭২১-৮১১৪১২, ই-মেইল : rgwcollege@yahoo.com, rgwcollegerajshahi@gmail.com ওয়েব সাইট: www.rgwcollege.ac.bd & rgwcollege.edu.bd

তারিখ: ০৯/০৯/২০২০খ্রি.

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২০-২০২১ শিক্ষাবর্ষে একাদশ (বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা) শ্রেণীতে এই কলেজের জন্য ১৩/০৯/২০২০ তারিখে চূড়ান্ত ফলাফলে মনোনীত বিজ্ঞান বিভাগের ছাত্রীরা ৩০৩৫/-, মানবিক বিভাগের ছাত্রীরা ২৯৮৫/- এবং ব্যবসায় শিক্ষা বিভাগের ছাত্রীরা ২৯৬০/- টাকা ভর্তি ফি বাবদ প্রদান করে নিম্নের সূচী অনুযায়ী উল্লেখিত প্রক্রিয়ার মাধ্যমে অনলাইনে ভর্তি হতে পারবে। উল্লেখ্য যে উক্ত ফি সমূহের মধ্যে ডিবিবিএল ব্যাংক চার্জ ও অনলাইন চার্জ অন্তর্ভুক্ত আছে। নির্ধারিত তারিখের মধ্যে ভর্তি হতে না পারলে অথবা প্রকৃত তথ্য গোপন করলে অথবা কলেজের ওয়েব সাইট থেকে প্রাপ্ত ভর্তি ফরম এবং প্রয়োজনীয় কাগজপত্র কমিটির কাছে জমা না দিলে সংশ্লিষ্ট প্রার্থীর ভর্তি বাতিল বলে গণ্য হবে।

তারিখ	বিভাগ	ভর্তি ফি	সময়
১৩/০৯/২০২০ থেকে ১৭/০৯/২০২০	বিজ্ঞান	৩০৩৫/-	১৩/০৯/২০২০ তারিখ চূড়ান্ত
	মানবিক	২৯৮৫/-	ফলাফল প্রকাশের পর থেকে
	ব্যবসায় শিক্ষা	২৯৬০/-	১৭/০৯/২০২০ তারিখ পর্যন্ত

ভর্তি প্রক্রিয়া:

- নির্বাচিত সকল বিভাগের প্রার্থী প্রথমে নিম্নলিখিত নিয়মে ডিবিবিএল মোবাইল ব্যাংকিং রকেট এর মাধ্যমে উল্লেখিত পরিমাণে টাকা প্রদান করে একটি Trx. ID নেবে।
 - যে সকল মোবাইলে DBBL মোবাইল একাউন্ট আছে সেই মোবাইল থেকে *322# ডায়াল করে মেনুতে যেতে হবে।
 - “1” (One) সিলেক্ট করতে হবে।
 - রাজশাহী সরকারি মহিলা কলেজের **Bill ID '264'** টাইপ করতে হবে।
 - Bill No এ এস.এস.সি রোল টাইপ করতে হবে।
 - উল্লেখিত টাকার পরিমাণ লিখতে হবে।
 - চার সংখ্যার পিন টাইপ করতে হবে।
 - OK অথবা Send বাটনে ক্লিক করলে একটি Trx. ID পাওয়া যাবে।
- এরপর রাজশাহী সরকারি মহিলা কলেজের ওয়েব সাইটে প্রবেশ করে নিম্নলিখিতভাবে ফরম ডাউনলোড করতে হবে।
 - www.rgwcollege.edu.bd—এই ওয়েব সাইটে প্রবেশ করে Online Admission এ ক্লিক করতে হবে।
 - এরপর HSC Admission এ ক্লিক করতে হবে।
 - এখানে Group, Board, SSC Roll ও Trx. ID প্রদান করলে ফরম বের হবে। এটি পূরণ করলে স্বয়ংক্রিয়ভাবে ক্লাস রোল পাওয়া যাবে। এটি প্রিন্ট করে অবশ্যই কলেজে জমা দিতে হবে।

ভর্তির জন্য যে সকল কাগজপত্র জমা দিতে হবে (ক্লাস শুরু হওয়ার পর):

- কলেজ ওয়েব সাইট হতে প্রাপ্ত ভর্তির pdf form এর প্রিন্ট কপি।
- ভর্তি আবেদনের সময় প্রাপ্ত Security Code (এই কোড নং ভুল দিলে ভর্তি বাতিল হবে)

- ৩। এস.এস.সি/সমমানের একাডেমিক ট্রান্সক্রিপ্টের মূলকপি ও একসেট ফটোকপি। (ট্রান্সক্রিপ্টের মূলকপি কলেজে জমা থাকবে, বিধায় এর একাধিক ফটোকপি নিজের কাছে সংরক্ষণ করতে হবে।)
- ৪। পিতা এবং মাতার জাতীয় পরিচয়পত্রের (NID) ফটোকপি।
- ৫। ছাত্রীর জন্ম নিবন্ধনের ফটোকপি।
- ৬। সদ্য তোলা ২ (দুই) কপি রঙিন ছবি একটি ছোট খামে ভরে নাম ও ক্লাশ রোল লিখে ভর্তি ফর্মের সঙ্গে স্ট্যাপলিং করে জমা দিতে হবে।
- ৭। পাঠ বিরতির ক্ষেত্রে (২০১৮, ২০১৯ সালে এসএসসি পাস) পাঠ বিরতির সনদপত্র ও 150/- টাকা রশিদের মাধ্যমে জমা দিতে হবে।
- ৮। বিলম্বে ভর্তির জন্য অতিরিক্ত ফি হিসেবে ১০০/- টাকা রশিদের মাধ্যমে জমা দিতে হবে।
- ৯। কোটায় ভর্তির ক্ষেত্রে বিজ্ঞপ্তি মোতাবেক প্রয়োজনীয় কাগজপত্রের সত্যায়িত ফটোকপি।
- ১০। কোভিড/১৯ মহামারীর কারণে শিক্ষার্থীকে স্বশরীরে উপস্থিত থেকে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করার দরকার নাই। অনলাইনে ভর্তি সম্পন্ন করতে হবে। তবে, কোটায় ভর্তির ক্ষেত্রে প্রয়োজনীয় প্রমাণকসহ শিক্ষার্থীকে স্বাস্থ্যবিধি মেনে স্বশরীরে এসে ভর্তির কাজ সম্পন্ন করতে হবে।
- ১১। ক্লাস শুরু হলে ডি-এলাটের জন্য শিক্ষার্থীকে নিজ দায়িত্বে ফিঙ্গার প্রিন্ট প্রদান করতে হবে।
- বিঃ দ্রঃ** (১) ভর্তি কার্যক্রম শিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্র অনুসরণ করে সম্পন্ন করা হবে।
(২) ভর্তি সংক্রান্ত যে কোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা কলেজ কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

কোটায় ভর্তির জন্য প্রয়োজনীয় শর্তাবলী:

কোটায় নির্বাচিত শিক্ষার্থীদের ক্ষেত্রে প্রথমে কলেজে এসে নিম্নলিখিত মূল কাগজপত্র ও ভর্তির টাকা জমা এবং উপরে উল্লিখিত নিয়মে ভর্তি হতে পারবে।

* মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানদের সন্তান:

১. মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে প্রদত্ত সনদপত্র ও মাসিক ভাতা প্রাপ্তির অনলাইন কপি/গেজেটের মূলকপি ও জাতীয় পরিচয়পত্র প্রদর্শন ও সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।
২. মুক্তিযোদ্ধার সন্তানদের সন্তান হলে-মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে প্রদত্ত সনদপত্র ও মাসিক ভাতা প্রাপ্তির অনলাইন কপি/গেজেটের মূল কপি, পিতা-মাতার সাথে মুক্তিযোদ্ধার সম্পর্কের প্রমাণপত্র, পিতা-মাতার জাতীয় পরিচয়পত্রের মূলকপি প্রদর্শন ও সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।


প্রতিস্বাক্ষর



০৯/০৯/২০২০

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

রাজশাহী সরকারি মহিলা কলেজ, রাজশাহী।



০৯/০৯/২০২০

আহবায়ক

একাদশ শ্রেণির ভর্তি কমিটি : ২০২০-২০২১

রাজশাহী সরকারি মহিলা কলেজ, রাজশাহী।